দীর্ঘ ৭ বছর পর দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির নির্বাচন, তফশীল ঘোষণা

দীর্ঘ ৭ বছর পর সকল প্রার্থী ও সাধারণ ভোটারের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির ত্রী-বার্ষিক নির্বাচন-২০২৫ এর নির্বাচনী তফশীল ঘোষণা করা হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৭ টার দিকে দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির কার্যালয়ে প্রধান নির্বাচন কমিশনার অধ্যক্ষ আজিজুর রহমান এ নির্বাচনী তফশীল ঘোষণা করেন।

২৩ অক্টোবর ভোটার তালিকা প্রকাশ করা হবে । পরদিন ২৪ অক্টোবর ভোটার তালিকায় অন্তর্ভুক্তি, নাম ও ওয়ার্ড সংশোধনী কার্যক্রম পরিচালনা করা হবে। ২৮অক্টোবর সকাল ১১ টায় চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ২৯ অক্টোবর সকাল ১১টা থেকে ৩০ অক্টোবর রাত ৯ টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে।

৩১ অক্টোবর সকাল ১১ টা থেকে রাত ৯ টার মধ্যে মনোনয়নপত্র জমা । ১ নভেম্বর শনিবার বিকাল ৩ টা থেকে রাত ৯ টা পর্যন্ত মনোনয়নপত্র যাচাই-বাছাই, প্রার্থিতা বাতিলের উপর আপিল, শুনানি ও নিষ্পত্তি । ২ নভেম্বর রবিবার বিকাল ৩ টায় বৈধ প্রার্থী তালিকা প্রকাশ। ৩ নভেম্বর সোমবার বিকাল ৩ টা থেকে রাত্রে ৯ টা পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার । ৪ নভেম্বর মঙ্গলবার সকাল ১১ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ও প্রতিক বরাদ্দ দেয়া হবে।

২৫ নভেম্বর শুক্রবার সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত বিরতিহীনভাবে দর্শনা ডিএস মাদ্রাসায় ভোট গ্রহণ করা হবে। নির্বাচনের তফসিল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, নির্বাচন পরিচালনা কমিটির প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান, সরকারী নির্বাচন কমিশনার জাহিদুল ইসলাম, মুমিনুল ইসলাম, এফ এ আলমগীর, মনির হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন, হাফিজুর রহমান, ফারুক হোসেন, ইকবাল হোসেন।

চুয়াডাঙ্গায় রেল বাজার ওভারপাস নির্মাণ কাজের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গায় রেলবাজার রেলওয়ে ওভারপাস নির্মাণকাজের শুভ উদ্বোধন করা হয়েছে। শনিবার বেলা সাড়ে এগারোটার সময় শহরের একাডেমি মোড়ে ভিত্তিপ্রস্তর উন্মোচন করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা- ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বের কারনে দেশ আজ উন্নয়নের মহাসড়কে উঠেছে। এই ফ্লাইওভার নির্মাণ শেষ হলে চুয়াডাঙ্গার দৃশ্য পাল্টে যাবে। আওয়ামী লীগ সরকার উন্নয়ন বিশ্বাসী।আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচনে দেশের মানুষ আবারো আওয়ামী লীগ সরকার ও জননেত্রী শেখ হাসিনার নৌকা মার্কা ভোট দিয়ে জয়যুক্ত করবে এবং বিএনপি এবং যেকোনো অপশক্তির বিরুদ্ধে কড়া প্রতিবাদ জানান দিবে বাংলার জনগণ।

ওভারপাস নির্মাণ কাজের উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু ও পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন চুয়াডাঙ্গা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মঞ্জুরুল করিম। ৪১৯ মিটার দৈর্ঘ্য এবং ১০.২৫ মিটার প্রস্থ্যের ওভারপাস নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৭৫ কোটি ১১ লাখ ৭ হাজার টাকা। ওভারপাসে সর্বমোট ১৩ টি স্প্যান থাকবে। আগামী ২০২৪ সালের ৩০ জুন নির্মাণ কাজ শেষ হওয়ার কথা রয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে ঢাকার বনানীর ন্যাশনাল ডেভেলপমেন্ট ইঞ্জিনিয়ার্স লিমিটেড।

[redacted]

[redacted]

বোর্ডের জায়গা আছে, সেখানে পুনবার্সন করার।